

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
কল্যাণ শাখা  
Website: [www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

০৫.০০.০০০০.১২৩.৯৯.০২৬.১০-১৪৮

তারিখ : ০৫ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ  
১৯ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ


প্রজ্ঞাপন

সরকার বেসামরিক প্রশাসনে কোন সরকারী কর্মকর্তা/কর্মচারী চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করলে তাঁর পরিবারের সদস্যদেরকে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ও গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষম হলে সরকারী কর্মকর্তা/কর্মচারীকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা অনুদান প্রদান এবং চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করলে তাঁর পরিবারের সদস্যদেরকে দাফন-কাফন বাবদ প্রদত্ত অর্থের পরিমাণ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা থেকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকায় পুনঃনির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করলে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা এবং গুরুতর আহত হয়ে স্থায়ীভাবে অক্ষম হলে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা জনপ্রশাসন মন্ত্রণালয়ের জন্য বরাদ্দকৃত বাজেট হতে এর অনুদান ব্যয় নির্বাহ করা হবে এবং দাফন-কাফন বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার পরিবর্তে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার ব্যয় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অনুকূলে বরাদ্দকৃত প্রচলিত কোড থেকে নির্বাহ করা হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(মোঃ মশিউর রহমান তালুকদার)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৯৬২১

০৫.১২৩.০০০০.১২৩.৯৯.০২৬.১০-১৪৮/১(৫)

তারিখ : ০৫ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ  
১৯ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ১৮৯ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা-১০০০
৩. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, .....
৪. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য)
৫. উপসচিব, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য)



(মোঃ মশিউর রহমান তালুকদার)  
সিনিয়র সহকারী সচিব